সংবাদ।



তারিখ ১৫।১১।৮১
পৃষ্ঠা ... ... কলাম ... ...

# প্রাথমিক শিক্ষকদের ওপর পুলিশী হামলার নিন্দা

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাথমিক শিক্ষক সমিতি আহূত 'বিশ্বাস ভঙ্গ' দিবসে শিক্ষকদের উপর পুলিশের হামলার নিন্দা জানিয়ে বিভিন্ন রাজনৈতিক ছাত্র, গণ-সংগঠনের নেতৃবৃন্দ বিবৃতি দিয়েছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবী মেনে নিয়ে শিক্ষাক্ষেত্রে সৃষ্ট সংকট মোচনের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক জনাব আ, কা, ফজলুল হক 'বিশ্বাসভঙ্গ' দিবসে রংপুরে প্রাথমিক শিক্ষকদের উপর পুলিশের হামলার তীব্র নিন্দা জানিয়েছেন। এক বিবৃতিতে তারা বলেন, কোন নির্যাতনই প্রাথমিক শিক্ষকদের ন্যায়সঙ্গত সংগ্রামকে ব্যাহত করতে পারবে না।

### ওয়ার্কার্স পার্টি

বাংলাদেশ ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক জনাব হায়দার আকবর খান রনো ও সম্পাদক মণ্ডলীর সদস্য জনাব রাশেদ খান মেনন এম, পি 'বিশ্বাস ভংগ' দিবসে রংপুরে বিক্ষোভরত প্রাথমিক শিক্ষকদের উপর পুলিশের হামলা নিন্দা জানিয়ে বলেন সংগ্রামরত প্রাথমিক শিক্ষকদের উপর সরকারের নিপীড়ন শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যমূলক পরিস্থিতি সমাধানে সরকারের চরম দেউলিয়া নীতিরই পরিচয় বহন করে।

### ইউপিপি

ইউনাইটেড পিপলস পার্টির চেয়ারম্যান কাজী জাফর আহম্মদ এক বিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের দাবী মেনে নিয়ে শিক্ষাক্ষেত্রে সৃষ্ট সংকট মোচনের দাবী জানিয়েছেন। তিনি বলেন, শিক্ষকদের এক ধরনের প্রতিশ্রুতি দিয়ে ক্ষমতাসীন গোষ্ঠী হঠাৎ করে তাদের চাকরির শর্ত পরিবর্তন সাধনের আইন পাস করে নিরীহ শিক্ষকদের ধর্মঘটের পথ বেছে নিতে বাধ্য করেছেন।

### গণতান্ত্রিক পার্টি

গণতান্ত্রিক পার্টির চেয়ারম্যান জনাব নূরুল হুদা মীর্জা ন্যায়সংগত বিক্ষোভ প্রদর্শনকালে রংপুরে প্রাথমিক শিক্ষকদের ওপর পুলিশের বর্বরোচিত হামলার নিন্দা জানিয়েছেন।

এছাড়া বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সভাপতি জনাব আবদুল মান্নান খান ও সাধারণ সম্পাদক জনাব আনোয়ারুল হক, বিপ্লবী ছাত্র ইউনিয়নের সভাপতি জনাব মিজানুর রহমান বাবু ও কার্যকরী সাধারণ সাধারণ সম্পাদক জনাব নজরুল ইসলাম নোমান, ছাত্র লীগের সভাপতি জনাব ওবায়দুল কাদের ও সাধারণ সম্পাদক জনাব বাহলুল মজনুন চুন্নু, জাতীয় গণতান্ত্রিক পার্টির আহ্বায়ক কমিটি জাতীয় ছাত্র দল, গণসংস্কৃতি পরিষদের সভাপতি জনাব ম, নূরুন্নবী ছাত্র লীগ (মুনির-হাসিব) সভাপতি জনাব মুনীরউদ্দীন আহমেদ ও সাধারণ সম্পাদক জনাব আবুল হাসিব খান শিক্ষকদের উপর পুলিশের হামলার নিন্দা জানিয়ে অবিলম্বে শিক্ষকদের ন্যায্য দাবী মেনে নেওয়ার আহ্বান জানান।